বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
Web: www.ugc.gov.bd

স্মারক নং : ইউজিসি/জনসংযোগ/বিবিধ/২০১৮/ ১৮৫৬ তারিখ: ০১.০৯.২০২৬

বিষয়: 2026 Global Media Peace Awards on Conflict Prevention and Conflict Resolution এর বিষয়টি প্রচার সম্পর্কিত।

সূত্র: ৩৭.১৮ ০০০০.০০০.০০৮.২৪.০০১.২৬.১৬ তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৯ আগস্ট ২০২৬

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কানাডার HEC Montreal এর Internationl Center for Media and Society (ICMS) আয়োজিত ২০২৬ Global Media Peace Awards on Conflict Prevention and Conflict Resolution-এর জন্য বিশ্বের বিভিন্ন দেশের সম্প্রচার প্রতিষ্ঠান, গণমাধ্যম সংস্থা, স্বাধীন প্রযোজক, চলচ্চিত্র নির্মাতা, ডিজিটাল কনটেন্ট নির্মাতা, সংবাদিক, বিশ্ববিদ্যালয় এবং কমিউনিটি মিডিয়াকে অংশগ্রহণের জন্য আহবান জানানো হয়েছে। ঘোষিত পুরস্কারের আর্থিক মূল্য প্রতি ক্যাটাগরিতে মোট CS 6000 এ সংক্রান্ত চিঠিটি আপনার বিশ্ববিদ্যালয়ে জরুরিভিত্তিতে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-

০১.০৯.২০২৬
মোহাম্মদ আব্দুল মান্নান
উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
জনসংযোগ ও প্রকাশনা বিভাগ
টেলিফোন: ৫৮১৬০২০১

*বিতরণ :* রেজিস্ট্রার,

নর্থ সাউথ ইউনিভার্সিটি/ ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি চিটাগং/ ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ/ সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি/ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি/ আন্তর্জাতিক ইসলামী ইউনিভার্সিটি চট্টগ্রাম/ আহছানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ/ ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি/ ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক/ গণ বিশ্ববিদ্যালয়/ দি পিপল'স ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ ব্র্যাক ইউনিভার্সিটি/ বাংলাদেশ ইউনিভার্সিটি/ লিডিং ইউনিভার্সিটি/ বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ/ সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ ইউনিভার্সিটি অভ্ ডেভেলপমেন্ট অলটারনেটিভ/ প্রিমিয়ার ইউনিভার্সিটি/ সাউথইস্ট ইউনিভার্সিটি/ ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ/ স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ সিটি ইউনিভার্সিটি/ প্রাইম ইউনিভার্সিটি/ নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ / সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ/ গ্রীন ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ পুন্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি/ দি মিলেনিয়াম ইউনিভার্সিটি/ ইস্টার্ন ইউনিভার্সিটি/ মেট্রোপলিটন ইউনিভার্সিটি/ উত্তরা ইউনিভার্সিটি/ ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া/ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি/ প্রেসিডেন্সি ইউনিভার্সিটি/ ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি এন্ড সায়েন্সেস/ প্রাইমএশিয়া ইউনিভার্সিটি/ রয়েল ইউনিভার্সিটি অব ঢাকা/ ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ/ অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়/ আশা ইউনিভার্সিটি বাংলাদেশ/ ইস্ট ডেল্টা ইউনিভার্সিটি/ ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ বরেন্দ্র ইউনিভার্সিটি/ হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/ বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজি (বিইউএফটি)/ নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/ ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ ঈশাখাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ/ জেড.এইচ. সিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ/ নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি, খুলনা/ খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়/ সোনারগাঁও ইউনিভার্সিটি/ ফেনী ইউনিভার্সিটি/ ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয়/ পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস (বিইউএইচএস)/ চিটাগং ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি/ নটরডেম বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/ টাইমস্ ইউনিভার্সিটি, বাংলাদেশ/ নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ রাজশাহী সাইন্স এন্ড টেকনোলজি ইউনিভার্সিটি (আরএসটিইউ)/ ব্রহ্মপুত্র ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি/ রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়/ জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ/ গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ/ সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব সায়েন্স এণ্ড টেকনোলজি (বিএইউএসটি), সৈয়দপুর/ বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (বিএইউইটি), কাদিরাবাদ/ বাংলাদেশ আর্মি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি (বিএআইইউএসটি), কুমিল্লা/ দি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব স্কলার্স/ কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ এন.পি.আই ইউনিভার্সিটি অভ্ বাংলাদেশ/ নর্দার্ন ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি, খুলনা/ রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া/ ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি, চট্টগ্রাম/ সেন্ট্রাল ইউনিভার্সিটি অভ্ সায়েন্স এন্ড টেকনোলজি/ রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়, ঢাকা/ ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজ/ আনোয়ার খান মডার্ন ইউনিভার্সিটি/ জেড.এন. আর.এফ ইউনিভার্সিটি অব ম্যানেজমেন্ট সায়েন্সেস/ আহ্ছানিয়া মিশন ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/খুলনা খান বাহাদুর আহছানউল্লাহ ইউনিভার্সিটি/ বান্দরবান বিশ্ববিদ্যালয়/ ট্রাস্ট ইউনিভার্সিটি, বরিশাল/ ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইউনিভার্সিটি/ ইউনিভার্সিটি অব ব্রাহ্মণবাড়িয়া/ ইউনিভার্সিটি অব স্কিল এনরিচমেন্ট এন্ড টেকনোলজি/ আর.টি-এম. আল- কবির টেকনিক্যাল ইউনিভার্সিটি. ড. মমতাজ বেগম ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ চট্টগ্রাম বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজি/ বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, খুলনা/তিস্তা ইউনিভার্সিটি, রংপুর/ইন্টারন্যাশনাল ইসলামী ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ লালন বিজ্ঞান ও কলা বিশ্ববিদ্যালয়/ গ্রামীণ বিশ্ববিদ্যালয়।

রেজিস্ট্রার,

ইসলামিক ইউনিভার্সিটি অভ্ টেকনোলজি, গাজীপুর/ এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন, চট্টগ্রাম।

স্মারক নং : ইউজিসি/জনসংযোগ/বিবিধ/২০১৮/ ১৮০৬ তারিখ: ০১.০৯.২০২৬

*সদয় অবগতির জন্য অনুলিপি :*

১। একান্ত সচিব (উপ-পরিচালক), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
২ ব্যক্তিগত কর্মকর্তা, সদস্য (জনসংযোগ ও প্রকাশনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৩। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৪। কম্পিউটার অপারেটর (ব্যক্তিগত কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত), পরিচালক মহোদয়ের দপ্তর, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, ইউজিসি, ঢাকা।
৫-৬। নথি/ মহানথি।

০১/০৯/২০২৬
মোঃ আলমগীর হোসেন
সহকারী পরিচালক
জনসংযোগ ও প্রকাশনা বিভাগ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
চেয়ারম্যানের দফতর
পরিচালক (আইসিটি)........................ ☐
পরিচালক (এসপিকিউএ)........................ ☐
পরিচালক (পিআরপি)........................ ☑
পরিচালক (জেঃ সাঃ)........................ ☐
পরিচালক (আইসি)........................ ☐
পরিচালক (অডিট)........................ ☐

11.08.2026

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০.০০০.০০৮.২৪.০০০১.২৬.১৬

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩
০৯ আগস্ট ২০২৬

বিষয়: 2026 Global Media Peace Awards on Conflict Prevention and Conflict Resolution- এর বিষয়টি প্রচার সম্পর্কিত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কানাডার HEC Montréal এর International Center for Media and Society (ICMS) আয়োজিত 2026 Global Media Peace Awards on Conflict Prevention and Conflict Resolution-এর জন্য বিশ্বের বিভিন্ন দেশের সম্প্রচার প্রতিষ্ঠান, গণমাধ্যম সংস্থা, স্বাধীন প্রযোজক, চলচ্চিত্র নির্মাতা, ডিজিটাল কনটেন্ট নির্মাতা, সাংবাদিক, বিশ্ববিদ্যালয় এবং কমিউনিটি মিডিয়াকে অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হয়েছে। সংঘাত প্রতিরোধ (Conflict Prevention) ও সংঘাত নিরসন (Conflict Resolution) বিষয়ে উচ্চমানের, সৃজনশীল ও প্রভাবশালী গণমাধ্যমের কনটেন্ট তৈরিকে উৎসাহিত করার লক্ষ্যে রেডিও, টেলিভিশন এবং ডিজিটাল মিডিয়ায় প্রকাশিত সেরা অনুষ্ঠান, প্রতিবেদন ও কনটেন্টকে এ পুরস্কারের মাধ্যমে স্বীকৃতি দেওয়া হবে। পুরস্কারের আর্থিক মূল্য প্রতি ক্যাটাগরিতে মোট C$ 6000।

২। উক্ত পুরস্কার প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য যোগ্যতার শর্তাবলি নিম্নরূপ:

- ১৫ মে ২০২৪ থেকে ২১ সেপ্টেম্বর ২০২৬-এর মধ্যে নির্মিত ও সম্প্রচারিত/প্রকাশিত কনটেন্ট আবেদনযোগ্য।
- প্রতিযোগিতায় ডকুমেন্টারি, রিপোর্টাজ, ডকুড্রামা, সংবাদ প্রতিবেদন বা সংবাদভিত্তিক অনুষ্ঠান, রেডিও নাটক, অ্যানিমেশন, কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ব্যবহার করে নির্মিত কনটেন্ট গ্রহণ করা হবে যার মূল বার্তা অবশ্যই সংঘাত প্রতিরোধ অথবা সংঘাত নিরসনের সঙ্গে সম্পর্কিত হতে হবে।
- প্রতিটি কনটেন্টের দৈর্ঘ্য কয়েক সেকেন্ড থেকে সর্বোচ্চ ৫২ মিনিট হতে পারবে।
- প্রত্যেক আবেদনকারী রেডিও, টেলিভিশন এবং ডিজিটাল মিডিয়া—প্রতিটি বিভাগে সর্বোচ্চ একটি করে, অর্থাৎ মোট তিনটি পৃথক এন্ট্রি জমা দিতে পারবেন।
- ডিজিটাল মিডিয়া বিভাগের ক্ষেত্রে একই বিষয়ের কনটেন্ট অন্তত দুটি ভিন্ন ডিজিটাল প্ল্যাটফর্মে প্রকাশিত হতে হবে। যেমন- রেডিও বা টেলিভিশন, OTT ভিডিও প্ল্যাটফর্ম (শর্টস, অনলাইন মিনিসিরিজ), পডকাস্ট, সামাজিক যোগাযোগ মাধ্যম, অনলাইন সংবাদ মাধ্যম, মাল্টিমিডিয়া ওয়েবসাইট ইত্যাদি।
- AI ব্যবহার করা হলে আবেদনপত্র ও কনটেন্টে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩। আবেদন MP3, MP4 অথবা WAV ফরম্যাটে প্রস্তুত করে পূরণকৃত নিবন্ধন ফরমসহ সব নথি WeTransfer অথবা অন্য কোনো উপযুক্ত ফাইল-শেয়ারিং পদ্ধতির মাধ্যমে আগামী ২১ সেপ্টেম্বর ২০২৬-এর মধ্যে HEC Montréal Awards Secretariat এর (ই-মেইল: international-peace-awards@hec.ca) ঠিকানায় পাঠাতে হবে। পুরস্কার সম্পর্কিত বিস্তারিত তথ্য https://international-peace-awards.hec.ca- শীর্ষক ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪। এমতাবস্থায়, উল্লিখিত পুরস্কারের বিষয়টি ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ-সহ সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তিসমূহঃ
(১) email

(২) Global Media Peace Awards 2026

[illegible]৯-[illegible]৮-২০২[illegible]
সা[illegible]ীনা মনীর চিঠি
ডেপুটি সেক্রেটারি জেনারেল

চেয়ারম্যান
চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।